



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখ: ০৭.০৮.২০১৭ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ছাত্রী মিলনায়তন উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বীরশ্রেষ্ঠ শহীদ ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীর একাডেমিক ভবনের তৃতীয় তলায় নব-নির্মিত ছাত্রী মিলনায়তন উদ্বোধন করা হয়েছে। অদ্য ৭ আগস্ট ২০১৭ তারিখ সকাল ১১ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক ছাত্রী মিলনায়তনটি শুভ উদ্বোধন করেন। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রষ্টর, বিভাগীয় প্রধান, প্রভোস্টবৃন্দ, ছাত্র কল্যান পরামর্শ কেন্দ্রের পরিচালক, শিক্ষকমণ্ডলী, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক এবং বিভিন্ন বিভাগের ছাত্রীবৃন্দ। এ ছাত্রী মিলনায়তনটি উদ্বোধনের মাধ্যমে শিক্ষার্থীদের একটি দাবি পূরন হল। উল্লেখ্য, মাননীয় উপাচার্য মহোদয়ের নির্দেশে ছাত্রী মিলনায়তনটি নির্মান করে বিশ্ববিদ্যালয় প্রকৌশল শাখা।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রফিম
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস